গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১০.২০১৫- ৯২৯ তারিখঃ ১৬.০৪.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ সিলভিয়া ইসলাম(১২১৫৪২), মেডিকেল অফিসার, খালাশপীর উপস্বাস্থ্য কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সিলভিয়া ইসলাম(১২১৫৪২), মেডিকেল অফিসার, খালাশপীর উপস্বাস্থ্য কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর গত ২৮.০৬.২০১৩ তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে ২৮.০৭.২০১৩ তারিখ কর্মস্থলে যোগদানের বিধান থাকলেও তিনি যথা সময়ে যোগদান না করে ১ বছর ৪ মাস ১৯ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৭.১২.২০১৪ তারিখে যোগদান করেন।

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫'র ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দন্ড প্রদান করা হবে না, এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিরুদ্ধে প্রণীত অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

১৬/০৪/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ সিলভিয়া ইসলাম(১২১৫৪২)
মেডিকেল অফিসার, খালাশপীর উপস্বাস্থ্য কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর
স্থায়ী ঠিকানাঃ বাসা নং-৩২, রোড নং-১, কেডিসি রোড, আলমনগর, রংপুর।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১০.২০১৫- ৯২৯/১(৬) তারিখঃ ১৬.০৪.২০১৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিভিল সার্জন, রংপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।

১৬/৪/১৫
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc2@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ সিলভিয়া ইসলাম(১২১৫৪২), মেডিকেল অফিসার, খালাশপীর উপস্বাস্থ্য কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর গত ২৮.০৬.২০১৩ তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে ২৮.০৭.২০১৩ তারিখ কর্মস্থলে যোগদানের বিধান থাকলেও তিনি যথা সময়ে যোগদান না করে ১ বছর ৪ মাস ১৯ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৭.১২.২০১৪ তারিখে যোগদান করেন। তাঁর উপরিল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

২৩/৪/২০১৫

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৪- ২১৫ তারিখঃ ১৫.০৪.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার গত ০১.০৭.২০১১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৩.০৯.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৪-৭৫৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার গত ০১.০৭.২০১১ তারিখ চাকুরী হতে স্বেচ্ছা অবসর গ্রহণের আবেদন করেন যা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলাউড়া কর্তৃক গত ০২.০৭.২০১১ তারিখে ৬১৮নং স্মারকে সিভিল সার্জন, মৌলভীবাজার বরাবর অগ্রায়ন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

১৫/০৪/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৪- ২১৫/১ (৯) তারিখঃ ১৫.০৪.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিভিল সার্জন, মৌলভীবাজার।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনঃ (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার।

১৫/৪/২০১৫
(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (NI)\Realease from Charge.doc